মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
www.dhakaeducationboard.gov.bd

নং-৭১৪/ক:/অনু/২০১৫/৭৬৬ তারিখ : ১০-০৮-২০২৫

**বিষয় : গাজীপুর জেলার সদর উপজেলাধীন "ইকবাল সিদ্দিকী কলেজ" এর সংস্থা পরিচালিত গভর্নিং বডির সভাপতির বিরুদ্ধে নানা অভিযোগ/অনিয়ম দুর্নীতির বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক তদন্ত কর্মকর্তার মন্তব্য ও সুপারিশ অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্র : ১। ইবাল সিদ্দিকী এডুকেশন সোসাইটির শিক্ষক-কর্মচারী স্বাক্ষরিত ২৬-০৯-২০২৪ তারিখের আবেদন।
২। ইকবাল সিদ্দিকী কলেজ এর উপাধ্যক্ষ জনাব এস এম ইমরান হোসাইন কর্তৃক ০৪-১১-২০২৪ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার সদর উপজেলাধীন "ইকবাল সিদ্দিকী কলেজ" এর সংস্থা পরিচালিত গভর্নিং বডির সভাপতির নানা অভিযোগ/অনিয়ম দুর্নীতির বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক তদন্ত কর্মকর্তার মন্তব্য ও সুপারিশ নিম্নরূপ।

১. যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে কমিটি গঠন করা হয়নি বিধায় অতি সত্বর বিধিমোতাবেক কমিটি গঠন করতে হবে।
২. বিধি মোতাবেক জরুরী ভিত্তিতে অধ্যক্ষ নিয়োগ করতে হবে।
৩. প্রতিষ্ঠানের সকল প্রকার আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
৪. অনতি বিলম্বে সরকার কর্তৃক অনুমোদিত সিএ ফার্ম দ্বারা অডিট সম্পন্ন করে হালনাগাদ রিপোর্ট দাখিল করতে হবে।
৫. বর্তমান অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) কে অধিক সতর্কতা অবলম্বনসহ শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারীদের সাথে সৌহার্দপূর্ণ আচরণ করে প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে।
৬. কলেজ শাখা থেকে স্কুল শাখা আলাদা করার জন্যে বোর্ডে আবেদন দাখিল করতে হবে।
৭. তদন্ত প্রতিবেদনে মন্তব্য/ সুপারিশ যাই থাকুক না কেনো আদালত-এর রায়ই চূড়ান্ত বলে গণ্য হবে।

তদন্ত কর্মকর্তার মন্তব্য ও সুপরিশের বিষয়টি এতদ্বারা প্রতিষ্ঠানকে অবহিত করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে

10.8.25

প্রফেসর মো: রিজাউল হক
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন: ৫৮৬১২৪৭৬
ইমেইল : ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ/সভাপতি
"ইকবাল সিদ্দিকী কলেজ" (EIIN-134482)
সদর, গাজীপুর।

CamScanner